মুজিবনগরের আশ্রয়ন কেন্দ্রের বাসিন্দাদের মাঝে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে শীতার্তদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। গতকাল শুক্রবার রাতের আধারে মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের বাবুপুর ও মহাজনপুর আশ্রয়ণে আশ্রিত দুস্থরা এই সহায়তা পান।

শীতার্তদের মধ্যে কম্বল তুলে দেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামূল কবীর।

এ সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট খাদিজা আক্তার, তৌহিদুল কবীর, মুজিবনগর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, মহাজনপুর ইউনিয়নের ৬ নং ওয়ার্ড সদস্য ফিদু শেখ ও ৯ নং ওয়ার্ড সদস্য তোয়াজ আলী উপস্থিত ছিলেন।

এ সময় ২টি আশ্রয়ন কেন্দ্রে থাকা ২৩টি পরিবারের মাঝে কম্বল বিতরণ করা হয়।

অনুষ্ঠানে শীতার্তদের মধ্যে সহায়তা পৌঁছে দেওয়ার পাশাপাশি এলাকার সমাজসেবামূলক উদ্যোগ ও জেলা প্রশাসনের মানবিক সহযোগিতার গুরুত্ব তুলে ধরা হয়।

মুজিবনগরে বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় দোয়া

মাহফিল

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুরে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি’র চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি ও সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসানের আয়োজনে, দারিয়াপুর ইউনিয়ন বিএনপ’র উদ্যোগে এই দোয়া মাহফিলের আয়োজন করা হয়। দোয়া মাহফিলে দেশনেত্রীর বেগম খালেদা জিয়ার দ্রুত সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করে মোনাজাত করা হয়।

এ সময় উপস্হিত ছিলেন, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির। এছাড়া ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপি’র সিনিয়র নেতৃবৃন্দ সহ বিএনপি’র নেতাকর্মীসহ ছাত্রদল, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের নেতাকর্মী দোয়া মাহফিলে অংশ নেন।

মুজিবনগরের দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পদ শূন্য ঘোষণা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ০১ নম্বর দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ এস এম মাহবুব আলম দায়িত্ব থেকে অব্যাহতি চেয়ে পদত্যাগপত্র জমা দিয়েছেন। তিনি গত মঙ্গলবার উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে স্ব-ব্যাখ্যাত পদত্যাগপত্র দাখিল করেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন–২০০৯-এর ৩২(২) ধারা অনুযায়ী পদত্যাগপত্রটি গ্রহণ করেন। একই আইনের ৩৫(১)(৬) ধারা অনুসারে চেয়ারম্যানের পদটি শূন্য হয়েছে।

পরবর্তীতে আইনগত ক্ষমতাবলে ৩৫(২)(১) ধারা অনুযায়ী ২৫ নভেম্বর ২০২৫ তারিখ থেকে দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি

আনুষ্ঠানিকভাবে শূন্য ঘোষণা করা হয়েছে।

মুজিবনগরে গুড নেইবারস এর শিশু অধিকার বিষয়ক প্রচারাভিযান

“শিশু অধিকার জানি, অন্যকে জানাই” এই প্রতিপাদ্যে শিশু অধিকার রক্ষায় গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির বিশেষ প্রচারাভিযান অনুষ্ঠিত হয়েছে এবং দুই শিশুকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির উদ্যোগে এই বিশেষ প্রচারাভিযান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের মূল লক্ষ্য ছিল শিশুদের অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং ঝুঁকিপূর্ণ ও সুবিধাবঞ্চিত শিশুদের পাশে দাঁড়ানো।

এই প্রচারাভিযানের মাধ্যমে স্থানীয় তরুণ-তরুণীরা কমিউনিটির মানুষের মাঝে শিশু অধিকার বিষয়ে সচেতনতা তৈরিতে ভূমিকা রাখে এবং সম্মিলিত উদ্যোগে দুই শিশুকে আর্থিক সহায়তা প্রদান করে। এদের মধ্যে একজন জটিল কানের পলিপেক্টরি (আরটি) এবং কানের সংক্রমণে ভুগছে, অন্যজন ফিমারের উভয় মাথার ফ্র্যাকচার ও হিপ জয়েন্টের শক্ততায় আক্রান্ত। সহায়তা প্রদানের মাধ্যমে তাদের চিকিৎসা ও অধিকার রক্ষায় সরাসরি অবদান রাখা হয়।

অনুষ্ঠানে শিশু অধিকার, শিক্ষা, স্বাস্থ্য, বাল্যবিবাহ প্রতিরোধ, শিশুশ্রমের নেতিবাচক প্রভাবসহ বিভিন্ন বিষয়ে সচেতনতা তৈরিতে স্বেচ্ছাসেবকদের অংশগ্রহণে নাটিকা ও সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রায় ১৫০ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।
গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার ভারপ্রাপ্ত

কর্মকর্তা মিজানুর রহমান, বিদ্যুৎ বিহারী নাথ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেহেরপুর, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মামুন উদ্দিন আল আজাদ, সিডিসি সভাপতি জহিরুল ইসলাম।

এছাড়াও গুড নেইবারস বাংলাদেশ হেড অফিস থেকে উপস্থিত ছিলেন মি. তুষার লিও ত্রুজ (টিম ম্যানেজার, গ্রান্ট রাইটিং টিম)।

গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমা বলেন, গুড নেইবারস বাংলাদেশ বিশ্বাস করে স্থানীয় উদ্যোগ ও তরুণদের সক্রিয় অংশগ্রহণই শিশু অধিকার সুরক্ষায় টেকসই পরিবর্তন আনতে পারে।

উল্লেখ্য, গুড নেইবারস বাংলাদেশ ১৯৯৬ সাল থেকে শিশু অধিকার সুরক্ষা, শিশু উন্নয়ন, নারীর ক্ষমতায়ন ও যুব উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। বর্তমানে প্রতিষ্ঠানটি ১৩টি জেলায় ১৭টি প্রকল্প পরিচালনার মাধ্যমে কমিউনিটির উন্নয়নে বিশেষ ভূমিকা রাখছে।

মুজিবনগরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রাণিসম্পদ প্রদর্শনীর উদ্বোধন

“দেশীয় জাত,আধুনিক প্রযুক্তি: প্রাণিসম্পদ হবে উন্নতি” এই শ্লোগানে মুজিবনগরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রাণিসম্পদ প্রদর্শনীর উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার সকালে মানিকনগর বাসস্ট্যান্ড প্রাঙ্গনে দিনব্যাপী এ প্রদর্শনীর উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল। এ সময় তিনি বিভিন্ন প্রাণির প্রদর্শনীর কর্ণার পরিদর্শন করেন।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: হারিছুল আবিদ এর সভাপতিত্বে

উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমান, সমাজসেবা অফিসার মাহামুদুল হাসান, যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুর রকিব, উপজেলা এলজিইডি ইন্জিনিয়ার মোহাম্মদ ইমদাদুল হক, মুজিবনগর উপজেলা আনসার ভিডিপি অফিসার জেসমিন সুলতানা, উপজেলা ফায়ার সার্ভিস কর্মকর্তা সেলিম রেজা, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর থানার এস আই কামরুল জিয়া।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, মুজিবনগর উপজেলা প্রানীসম্পদ অফিসের ভেটেনারি সার্জন সৈয়দ সাকিবুল ইসলাম। উক্ত অনুষ্ঠানে বিভিন্ন দেশীয় জাতের প্রাণির প্রদর্শনীর কর্নার নিয়ে মোট ৩০ টি স্টল অংশগ্রহণ করেন।

আলোচনা সভার আগে একটি বর্নাঢ্য র্যালীর মধ্যে দিয়ে জাতীয় প্রানী সপ্তাহের শুভ সূচনা করা হয়।

মুজিবনগরে ধানের শীষের পক্ষে গণসংযোগ ও লিফলেট বিতরণ

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় ধানের শীষের পক্ষে গণসংযোগ ও ৩১ দফার লিফলেট বিতরণ করেছে জেলা যুবদল ও ছাত্রদল।

গতকাল শুক্রবার বিকেলে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ভবেরপাড়া গ্রামে এ গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

এ সময় মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির এবং মুজিবনগর উপজেলা যুবদলের সভাপতি আবুল হাসান ভবেরপাড়ার বিভিন্ন এলাকায় সাধারণ খেটে খাওয়া মানুষের হাতে লিফলেট তুলে দেন এবং ধানের শীষের পক্ষে ভোট প্রার্থনা করেন।

কর্মসূচিতে বিএনপি, ছাত্রদল, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশের বিশেষ স্বাস্থ্য ও পুষ্টি ক্যাম্পেইন অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির উদ্যোগে মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গণে বিশেষ স্বাস্থ্য ও পুষ্টি ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে স্বাস্থ্য ও পুষ্টি ক্যাম্পেইন অনুষ্ঠানের সিডিপি ম্যানেজার বিপুল রেমার সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাইনাকোলজিস্ট ডা: সিনথিয়া আফরিন সিমি এবং খাদ্য ও পুষ্টিবিদ ফজলে রাব্বি।

হেলথ অফিসার আহসানুল হক সঞ্চালনায় ক্যাম্পেইনে আরও উপস্থিত ছিলেন, সিডিপির সিনিয়র এডমিন অফিসার উত্তম কুমার রায় এবং মেডিকেল অফিসার মেহেদী হাসান (সুইট)।

ক্যাম্পেইনের মূল কার্যক্রম মা ও শিশুদের স্বাস্থ্য বিষয়ে আলোচনা, পুষ্টিকর খাবারের উপকারিতা ও সুষম খাদ্যাভ্যাস বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হয়।

ক্যাম্পেইনে স্বল্পমূল্যে গাইনি রোগী দেখা এবং অপুষ্ট শিশুদের জন্য ডায়েট চার্ট প্রদান করা হয়ে।

এছাড়াও কমিউনিটির জন্য ৩০% ছাড়ে স্বাস্থ্য সুরক্ষা ও পুষ্টি প্যাকেজ সরবরাহ করা হয়ে।

গুডনেইবারস বাংলাদেশ জানায়, এই ক্যাম্পেইনের মাধ্যমে কমিউনিটির মধ্যে সুলভ সেবা, স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধি এবং পুষ্টি জ্ঞান সম্প্রসারণে গুরুত্বপূর্ণ অগ্রগতি সাধিত হয়েছে।

মুজিবনগরে স্বাস্থ্য প্রচারণা ও ব্লাড সুগার চেকিং ক্যাম্পেইন

মুজিবনগরে বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে মেডিসিন (ডায়াবেটিস) সংক্রান্ত বিশেষ স্বাস্থ্য সচেতনতা প্রচারণা ও ব্লাড সুগার চেকিং ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেলে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির আয়োজনে বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গণে এ কর্মসূচি আয়োজন করা হয়।

গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমার সভাপতিত্বে এবং অফিসার (হেলথ) মো. আহসানুল হকের উপস্থাপনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বল্লভপুর মিশন হাসপাতালের মেডিকেল অফিসার ডা. জীবন মন্ডল।

কর্মসূচিতে সিডিপির স্পন্সর শিশু, তাদের অভিভাবক, মা এবং স্থানীয় কমিউনিটির মোট ১০০ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ডায়াবেটিস সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আলোচনা, প্রশ্নোত্তর পর্ব, জীবনধারা পরিবর্তন সংক্রান্ত পরামর্শ এবং প্রতিরোধমূলক স্বাস্থ্য নির্দেশনা প্রদান করা হয়।

অনুষ্ঠানের অংশ হিসেবে ডায়াবেটিস সচেতনতা ও রক্তে গ্লুকোজ পরিমাপ (চেক-আপ) ক্যাম্পেইন পরিচালনা করা হয়, যেখানে ৮৪ জন স্বল্পমূল্যে চেক-আপ সেবা নেন। ক্যাম্পেইন পরিচালনা করেন অফিসার (হেলথ) মো. আহসানুল হক।

এছাড়াও বিশেষ স্বাস্থ্যসেবা ক্যাম্প আয়োজন করা হয়, যেখানে ৩৪ জন রোগী চিকিৎসা, চিকিৎসা-সংক্রান্ত পরামর্শ এবং প্রয়োজনীয় স্বাস্থ্য নির্দেশনা গ্রহণ করেন। এই সেবা প্রদান করেন ডা. জীবন মন্ডল।

গুডনেইবার্স বাংলাদেশ জানায়, কমিউনিটির স্বাস্থ্য উন্নয়ন,

সচেতনতা বৃদ্ধি এবং মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে তারা সবসময় প্রতিশ্রুতিবদ্ধ। ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হবে।

মুজিবনগরে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন

এফসিডিও’র অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের মাল্টি-স্টেকহোল্ডার ইনিশিয়েটিভ ফর পিস অ্যান্ড স্ট্যাবিলিটি (এমআইপিসি) প্রকল্পের আওতায় মুজিবনগরে জেন্ডার সচেতনতা ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ে একদিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

রবিবার মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সভাকক্ষে আয়োজিত এ প্রশিক্ষণে রাজনৈতিক, ধর্মীয় ও সুশীল সমাজের প্রতিনিধি যারা পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) এবং নারী শান্তি সহায়ক দল (ওয়েভ) এর সদস্য অংশগ্রহণ করেন।

অংশগ্রহণকারীরা ভবিষ্যতে মুজিবনগর উপজেলায় সম্প্রীতি, জেন্ডার সমতা ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে বিভিন্ন উদ্যোগ বাস্তবায়নে ভূমিকা রাখবেন বলে প্রত্যাশা ব্যক্ত করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিএফজি কো-অর্ডিনেটর মো. ওয়াজেদ আলী খান, পিস অ্যাম্বাসেডর ঝরনা খাতুন, আবুল খায়ের বাশার, মুনশী মো. মোকাদ্দেস হোসেন, বীর মুক্তিযোদ্ধা মো. সাবদার আলী, ওয়েভের সমন্বয়কারী রোকসানা পারভিনসহ অন্যান্য সদস্যরা।
প্রশিক্ষণ পরিচালনা করেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের খুলনা অঞ্চলের এরিয়া কো-অর্ডিনেটর এস. এম. রাজু জবেদ এবং আঞ্চলিক সমন্বয়কারী মো. খোরশেদ আলম। সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন ফিল্ড কো-অর্ডিনেটর মো. আশরাফুজ্জামান এবং যুব সমন্বয়কারী মো. রিয়াজ শেখ।

প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

মুজিবনগরে মানসিক স্বাস্থ্য ও আত্মহত্যা প্রতিরোধ বিষয়ক প্রচারণা

“ভালো প্রতিবেশী বিশ্বের জন্য ভালো পরিবর্তন”, সুস্থ মন সুস্থ ভবিষ্যৎ, তুমি গুরুত্বপূর্ণ, তোমার মানসিক স্বাস্থ্য গুরুত্বপূর্ণ এই স্লোগানে মুজিবনগরে কিশোর-কিশোরীদের মানসিক স্বাস্থ্য এবং আত্মহত্যা প্রতিরোধ বিষয়ক প্রচারণা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির আয়োজনে উপজেলার ভবেরপাড়া সেন্ট জেভিয়ার জুনিয়র হাই স্কুলের হলরুমে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে এই প্রচারণা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতেই গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির প্রজেক্ট ম্যানেজার বিপুল রেমার নেতৃত্বে কিশোর-কিশোরীদের মানসিক স্বাস্থ্য এবং আত্মহত্যা প্রতিরোধ বিষয়ক প্রচারণার লক্ষ্যে একটি বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়।

র্যালি শেষে বিদ্যালয়ের হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির প্রজেক্ট ম্যানেজার বিপুল রেমার সভাপতিত্বে প্রচারণা অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের মাঝে কিশোর-কিশোরীদের মানসিক স্বাস্থ্য এবং আত্মহত্যা প্রতিরোধ বিষয়ক বিভিন্ন দিক তুলে ধরেন ডা. মেহেদী হাসান সুইট।

এ সময় উপস্থিত ছিলেন গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম, সেন্ট জেভিয়ার জুনিয়র হাই স্কুলের প্রধান শিক্ষক সিস্টার মালতি মালো, আনন্দবাস মিয়া মনসুর একাডেমীর প্রধান শিক্ষক মাহমুদুল হাসান, আম্রকানন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শরিফুল ইসলাম, জয়পুর তারানগর মাধ্যমিক

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আজিজুল ইসলাম, আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, শিবপুরের প্রধান শিক্ষক এস.এম. আব্দুস সালাম।

গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির প্রোগ্রাম অফিসার এনটন ফলিয়ারের সঞ্চালনায় আমন্ত্রিত অতিথিবৃন্দ তাদের বক্তব্যে তুলে ধরেন মানসিক স্বাস্থ্য কী, মানসিক স্বাস্থ্য ভালো থাকলে আমরা কী করতে পারি, কিশোর-কিশোরীদের বিভিন্ন ঝুঁকির লক্ষণ, নীরবতা কেবল কষ্ট বাড়ায় নীরবতা ভেঙে কী করতে হবে, মন খারাপ থাকলে কার সঙ্গে কথা বলতে হবে, অভিভাবকের করণীয়, শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য রক্ষায় কারা দায়িত্ব নেবেন, সহপাঠীদের করণীয়সহ আরও নানা গুরুত্বপূর্ণ বিষয়।

প্রচারণার মাঝে কিশোর-কিশোরীদের নিয়ে গান, নৃত্য এবং নাটক পরিবেশিত হয়।